

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
স্বাস্থ্য সেবা বিভাগ



বিষয়: স্বাস্থ্য অর্থনীতি ইউনিটের শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা ২০২০-২০২১ এর বাস্তবায়ন অগ্রগতি বিষয়ক ২য় ত্রৈমাসিক সভার কার্যবিবরণী

সভাপতি ড. মো: শাহাদৎ হোসেন মাহমুদ
মহাপরিচালক
সভার তারিখ ১৩/১০/২০২০ খ্রি.
সভার সময় ১২.০০ টা
স্থান স্বাস্থ্য অর্থনীতি ইউনিটের সভাকক্ষ
উপস্থিতি স্বাস্থ্য অর্থনীতি ইউনিট ও এর আওতাধীন বিভিন্ন কম্পোনেন্টের সংশ্লিষ্ট কর্মকর্তাবৃন্দ

সভাপতি উপস্থিত কর্মকর্তাগণকে শুভেচ্ছা জানিয়ে সভার কাজ আরম্ভ করেন। সভাপতির অনুমতির অনুবৃত্তিক্রমে শুদ্ধাচার ফোকাল পয়েন্ট ড. লায়লা আখতার পূর্ববর্তী সভার কার্যবিবরণী পাঠ করেন। সর্বসম্মতিক্রমে কার্যবিবরণীটি দৃঢ়ীকরণ করা হয়। অতঃপর আলোচনাক্রমে সর্বসম্মতিক্রমে নিম্নলিখিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়।

ক্রমিক নং	আলোচ্য বিষয়	সিদ্ধান্ত	বাস্তবায়ন/ দায়িত্ব
১.	২.১ ও ২.২ নম্বর কার্যক্রম: সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের (stakeholders) অংশগ্রহণে সভার সিদ্ধান্তের আলোকে কার্যক্রম বাস্তবায়ন	SSK অংশীজনের (stakeholders) অংশগ্রহণে একটি সভা অয়োজন করবে এবং জিএনএসপি ইউনিট তাদের অংশীজনের (stakeholders) অংশগ্রহণে আরও একটি সভা আয়োজন করবে। একইসাথে সভায় গৃহীতব্য সিদ্ধান্তসমূহ বাস্তবায়নের ব্যবস্থা গ্রহণ করবে।	সাইদুর রহমান খান ডা: আবুল বাশার সরকার
২.	২.৩ ও ২.৪ নম্বর ক্রমিকে বর্ণিত কর্মকর্তা-কর্মচারীদের কে চাকরি ও সুশাসন সংক্রান্ত প্রশিক্ষণ প্রদান	লক্ষ্যমাত্রা অনুযায়ী ১ম কোয়ার্টারে চাকুরী সংক্রান্ত ১টি প্রশিক্ষণ সম্পন্ন হয়েছে। ২য় কোয়ার্টারে কর্মকর্তা-কর্মচারীদের জন্য সুশাসন সংক্রান্ত প্রশিক্ষণটি আয়োজন করতে হবে।	পরিচালক (প্রশাসন) ও উপপরিচালক-২
৩.	৫.১ নম্বর ক্রমিকে বর্ণিত সুশাসন প্রতিষ্ঠায় কার্যক্রম বাস্তবায়ন	উত্তম চর্চার তালিকা যথাসময়ে প্রণীত ও স্বাস্থ্য সেবা বিভাগে প্রেরণ করতে হবে।	সকল কর্মকর্তা ও উপপরিচালক-২
৪.	৬.২ প্রকল্পের বাস্তবায়ন অগ্রগতি তদারকিকল্পে পরিদর্শন	প্রকল্পের বাস্তবায়ন অগ্রগতি তদারকিকল্পে লক্ষ্যমাত্রা (২য় ও ৪র্থ কোয়ার্টার) অনুযায়ী পরিদর্শন সম্পন্ন করতে হবে। পরিদর্শন প্রতিবেদনের সুপারিশের আলোকে লক্ষ্যমাত্রা অর্জনে সকলে সচেতন হবেন।	মহাপরিচালক ও সংশ্লিষ্ট সকল কর্মকর্তা
৫.	৭.১ ও ৭.২ ২০২০-২১ অর্থবছরেরর ক্রয়/ সংগ্রহ পরিকল্পনা অনুমোদন ও ক্রয়/ সংগ্রহ কার্যক্রম সম্পন্নকরণ	২০২০-২১ অর্থবছরের ক্রয় পরিকল্পনা অনুমোদিত হয়েছে ওয়েবসেইটে আপলোড করা হয়েছে। সিস্টেম এনালিস্ট জানান, ই-টেন্ডারিং এর জন্য CPTU থেকে স্বাস্থ্য অর্থনীতি ইউনিটের ID সংগ্রহ করা হয়েছে। সুতরাং লক্ষ্যমাত্রা (৩০% ক্রয়) অর্জন করা সম্ভব হবে।	পরিচালক (প্রশাসন) ও সহকারী হিসাবরক্ষণ কর্মকর্তা

(Handwritten signature and date)

(Handwritten signature)

৬.	৮.৩ শাখা/ অধিশাখা এবং অধীনস্থ অফিসের পরিদর্শন	শাখা/ অধিশাখা এবং অধীনস্থ অফিসের পরিদর্শন সম্পন্ন করতে হবে। লক্ষ্যমাত্রা ২য় কোয়ার্টার ৪টি, ৩য় কোয়ার্টার ৩টি ও ৪র্থ কোয়ার্টার ১টি।	মহাপরিচালক, প্রোগ্রাম ম্যানেজার, পরিচালক (প্রশাসন/গবেষণা), উপপরিচালক- ১/২/৩/৪ সিনিয়র সহকারী প্রধান-১/২
৭.	৮.৪ নথির শ্রেণিবিন্যাস করত অপ্রয়োজনীয় নথি বিনষ্টকরণ	নথির শ্রেণিবিন্যাস করত অপ্রয়োজনীয় নথি বিনষ্ট করতে হবে।	উপপরিচালক-১ ও প্রশাসনিক কর্মকর্তা
৮.	৯.১ ও ৯.২ সেবা সহজীকরণ কার্যক্রম ও জাতীয় শুদ্ধাচার কৌশল সংক্রান্ত কর্মশালা	সেবা সহজীকরণ কার্যক্রম (২য় কোয়ার্টারে) ও জাতীয় শুদ্ধাচার কৌশল সংক্রান্ত কর্মশালা (৩য় কোয়ার্টারে) আয়োজন করতে হবে।	উপপরিচালক-২
৯.	৯.৩ ও ৯.৪ দাপ্তরিক কাজে প্রমিত বাংলার ব্যবহার	দাপ্তরিক কাজে প্রমিত বাংলার ব্যবহার ও ইউনিকোডের ব্যবহার নিশ্চিতকল্পে প্রশাসনিক কাজে প্রমিত বাংলার ব্যবহার বিষয়ক প্রশিক্ষণ বাস্তবায়ন করা হয়েছে।	সংশ্লিষ্ট সকল কর্মকর্তা
১০.	১১.১ কর্মপরিবেশ উন্নয়ন তথা স্বাস্থ্য বিধি অনুসরণ; অকেজো মালামাল বিনষ্টকরণ ও পরিষ্কার-পরিচ্ছন্নতা বৃদ্ধি	কর্মপরিবেশ উন্নয়ন তথা স্বাস্থ্য বিধি অনুসরণ; অকেজো মালামাল বিনষ্টকরণ ও পরিষ্কার-পরিচ্ছন্নতা বৃদ্ধির তৎপরতা এগিয়ে নিতে হবে।	পরিচালক (প্রশাসন), উপপরিচালক-১ ও সংশ্লিষ্ট সকল কর্মকর্তা
১১.	১৩.১ ও ১৩.২ দপ্তর/সংস্থা কর্তৃক প্রণীত জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিচালনা, ২০২০-২১ স্ব স্ব মন্ত্রণালয়/বিভাগে দাখিল ও ওয়েবসাইটে আপলোডকরণ এবং আপলোড কৃত কর্মপরিচালনার লক্ষ্যমাত্রা অর্জন	জাতীয় শুদ্ধাচার কর্মপরিচালনা, ২০২০-২১ এর লক্ষ্যমাত্রা অর্জনে সচেষ্ট থাকতে হবে। নির্ধারিত সময়ে ত্রৈমাসিক পরিবীক্ষণ প্রতিবেদন স্বাস্থ্য সেবা বিভাগে দাখিল ও স্ব স্ব ওয়েবসাইটে আপলোড করতে হবে।	উপপরিচালক-২

সভায় আর কোন এজেন্ডা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে আনুষ্ঠানিকভাবে সভার সমাপ্তি ঘোষণা করেন।

।



ড. মো: শাহাদৎ হোসেন মাহমুদ
মহাপরিচালক
তারিখ: ৪ কার্তিক ১৪২৭
২০ অক্টোবর ২০২০

স্মারক নম্বর: ৪৫.০৫.০০০০.০০৫.৩৯.০০২.১৯.৩৮

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

- ১) উপসচিব, প্রশাসন-৪ শাখা, স্বাস্থ্য সেবা বিভাগ
- ২) স্বাস্থ্য অর্থনীতি ইউনিট ও এর অধীন সেল ও সেক্রেটারিয়েটের সকল কর্মকর্তা

ড. লায়লা আখতার
উপপরিচালক